

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪৪৭.২১.৯০

তারিখ- ২৭/০১/২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)- ২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের মহিলা সুফলভোগী সদস্য অন্তর্ভুক্তির আবেদন ফরম, ক্ষুদ্র ঋণের আবেদন ফরম ও উদ্যোক্তা ঋণের আবেদন ফরম প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপূর্বক প্রেরণ করা হয়েছে। উক্ত ফরমসমূহ ব্যবহার করে ক্ষুদ্র ঋণ ও উদ্যোক্তা ঋণ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে :

- ক. ক্ষুদ্র ঋণের আবেদন ও উদ্যোক্তা ঋণের আবেদনের মূল ফরম এ উপরাংশে অফিস কর্তৃক পূরণযোগ্য বক্সটিতে ঋণ চূড়ান্ত অনুমোদন হওয়ার পর লাল কালি দিয়ে নির্ধারিত তথ্যসমূহ লিপিবদ্ধ করতে হবে। কোন অবস্থাতেই ঋণ অনুমোদন হওয়ার পূর্বে উক্ত বক্সটিতে কোন তথ্য পূরণযোগ্য নহে;
- খ. উদ্যোক্তা ঋণের আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে;
- গ. ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার অধিক ক্ষুদ্র ঋণ প্রদানের ক্ষেত্রে ছাপানো ক্ষুদ্র ঋণ আবেদন ফরমের ঋণ চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে। তবে এ ক্ষেত্রে ফরম এর নির্ধারিত স্থানে ১০ টাকার রেভিনিউ স্ট্যাম্প ব্যবহার করতে হবে।
- ২। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা অনুসরণ করে প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ফরমের মাধ্যমে ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণের নির্দেশনা প্রদান করা হলো।
- ৩। প্রকল্পের স্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪৪৭.২১.৯০

তারিখ- ২৭/০১/২০২২ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলা:, জেলা:
৭. পরিচালক (সরেজমিন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস নথি।

মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক